

## একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)  
বিদ্যুৎ বিভাগ  
আইইবি ভবন (১০ম ও ১১তম তলা), রমনা, ঢাকা।  
[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)

### বিজ্ঞপ্তি

স্মারক নং: ২৭.০২.০০০০.০১১.১৮.০০৬.২৪-২১৩

তারিখ: ১৭.০৫.২০২৬

বিষয়: ৮ম ব্যাচে ইন্টার্নশিপ প্রোগ্রামে ইন্টার্ন নির্বাচনের নিমিত্ত প্রিলিমিনারি পরীক্ষার সময়সূচি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) য় ৮ম ব্যাচের (মে-জুলাই ২০২৬) ইন্টার্নশিপ প্রোগ্রামে ইন্টার্ন নির্বাচনের লক্ষ্যে প্রিলিমিনারি পরীক্ষা নিম্নোক্ত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

পরীক্ষার মাধ্যম	প্রিলিমিনারি পরীক্ষার তারিখ	রোল নম্বর	পরীক্ষার সময়	স্থান
Google Forms	১৯/০৫/২০২৬ খ্রি: (মঙ্গলবার)	রোল ১০০১-১১১৮	সকাল ১০:৩০ টা হতে সকাল ১০:৪৫ টা পর্যন্ত (১৫ মিনিট)	আইইবি ভবন ১০ম তলা রমনা, ঢাকা

০২. প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) র ওয়েবসাইট- [www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd) প্রকাশ করা হয়েছে।

### নির্দেশনাসমূহ:

- (১) নির্ধারিত তারিখ ও সময়ে Google Forms এর মাধ্যমে প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে **আবশ্যিকভাবে শুধুমাত্র স্মার্ট মোবাইল ফোনসহ** স্রেডা কার্যালয়ে (আইইবি ভবন, ১০ম তলা, রমনা) উপস্থিত থাকতে হবে (পরীক্ষা কেন্দ্রে অন্য কোন ডিভাইস গ্রহণযোগ্য নয়);
- (২) স্ব স্ব ব্যবস্থাপনায় নির্ধারিত ডিভাইসে নির্ভরযোগ্য ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ থাকতে হবে;
- (৩) সরবরাহকৃত QR কোড স্ক্যানের মাধ্যমে google forms এর লিংক-এ প্রবেশ করতে হবে;
- (৪) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্র অর্থাৎ স্রেডায় উপস্থিত হতে হবে;
- (৫) একজন প্রার্থী একের অধিক উত্তরপত্র দাখিল করতে পারবেন না;
- (৬) প্রিলিমিনারি পরীক্ষায় মেধার ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের তালিকা ঐদিনই (১৯/০৫/২০২৬) টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) র ওয়েবসাইট- [www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd) প্রকাশ করা হবে এবং একই দিনে (১৯-০৫-২০২৬ তারিখ দুপুর ১২.০০ টায়) প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে;
- (৭) প্রিলিমিনারি ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;
- (৮) ইন্টার্ন বাছাইয়ের ক্ষেত্রে কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

চৌধুরী মোঃ হামিদ আল মাহবুব  
যুগ্মসচিব ও সদস্য (প্রশাসন)

ও

আহবায়ক, ইন্টার্ন বাছাই কমিটি